চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম।

সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS) সফটওয়্যারে দাখিল করার লক্ষ্যে তথ্য প্রেরণ।

**সংস্থার নামঃ** চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

## সেকশন ১

**৬.৪.১ ভিশনঃ** পরিকল্পিত, টেকসই ও জনবান্ধব চট্টগ্রাম মহানগরী বাস্তবায়ন।

**৬.৪.২ মিশনঃ** নগরবাসীর ক্রমবর্ধমান চাহিদার আলোকে ও পরিকল্পিত নগরায়নের লক্ষ্যে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় অবকাঠামোগত উন্নয়ন, পরিকল্পিত নির্মাণ অনুমোদন ও নিয়ন্ত্রণের মাধ্যমে নগরবাসীর জন্য একটি টেকসই জনবান্ধব ও বাসযোগ্য চট্টগ্রাম মহানগরী বাস্তবায়ন।

**৬.৪.৩** ৩(তিন) বছর মেয়াদি পরিকল্পনাঃ

**চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এর ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনার ছক:**

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কার্যক্রমের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর<br>২০২৬-২৭ | ২য় বছর<br>২০২৭-২৮ | ৩য় বছর<br>২০২৮-২৯ |
| ১ | অনলাইন ভিত্তিক সেবা সম্প্রসারণ | ‘ভূমি ব্যবহার ছাড়পত্র’-এর শতভাগ অনলাইন কার্যক্রম- ১০০% | | |
| | | নির্মাণ অনুমোদন প্রক্রিয়ায় স্ট্রাকচারাল ডিজাইন, ইলেকট্রিক ডিজাইন, প্লাম্বিং ডিজাইন গ্রহণকল্পে সফটওয়্যার সামগ্রিক মডিফিকেশন - ২০% | নির্মাণ অনুমোদন প্রক্রিয়ায় স্ট্রাকচারাল ডিজাইন, ইলেকট্রিক ডিজাইন, প্লাম্বিং ডিজাইন গ্রহণকল্পে সফটওয়্যার সামগ্রিক মডিফিকেশন - ১০০% | |
| | | চউক প্রভিডেন্ট ফান্ড সফটওয়্যার বাস্তবায়ন- ১০% | চউক প্রভিডেন্ট ফান্ড সফটওয়্যার বাস্তবায়ন ৪০% | চউক প্রভিডেন্ট ফান্ড সফটওয়্যার বাস্তবায়ন- ১০০% |
| | | ঠিকাদার নিবন্ধন ও নবায়ন অনলাইন প্রক্রিয়া বাস্তবায়ন ১০০% | | |
| | | ভেহিক্যাল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ডুকুমেন্টেশন তৈরিকরণ | ভেহিক্যাল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার বাস্তবায়ন ১০% | ভেহিক্যাল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার বাস্তবায়ন ১০০% |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কার্যক্রমের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর<br>২০২৬-২৭ | ২য় বছর<br>২০২৭-২৮ | ৩য় বছর<br>২০২৮-২৯ |
| ২ | চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে পদক্ষেপ গ্রহন। | চট্টগ্রাম শহরের চউকের নিকট সাময়িক হস্তান্তরিত ৩৬ টি খাল সমূহের সংস্কার ও উন্নয়ন-৮০% | চট্টগ্রাম শহরের স্থিত খাল সমূহের সংস্কার ও উন্নয়ন -১০০% | |
| ৩ | নীতি ও সংস্কার কার্যক্রম | চউক ইমারত নির্মাণ বিধিমালা হালনাগাদ কার্যক্রম গ্রহণ | চউক ইমারত নির্মাণ বিধিমালা হালনাগাদ খসড়া তৈরি | চউক ইমারত নির্মাণ বিধিমালা হালনাগাদ চূড়ান্ত করণ |
| ৪ | যোগাযোগ ব্যবস্থাপনার উন্নতিকরন | চট্টগ্রাম শহরের সকল সড়কসমূহের ডাটাবেজ প্রনয়ণ ১০% | চট্টগ্রাম শহরের সকল সড়কসমূহের ডাটাবেজ প্রনয়ণ ২০% | চট্টগ্রাম শহরের সকল সড়কসমূহের ডাটাবেজ প্রনয়ণ ৫০% |
| ৫ | সম্পদের সুষ্ঠ ব্যবহার নিশ্চিতকরন | চউক এর অব্যবহৃত জমিতে প্রকল্প গ্রহণে প্রস্তাবনা প্রস্তুত করণ | চউক এর অব্যবহৃত জমিতে ১ টি প্রকল্প গ্রহণে ডিপিপি প্রণয়ন | চউক এর অব্যবহৃত জমিতে গৃহীত প্রকল্প বাস্তবায়ন- ১০% |
| ৬ | পরিকল্পিত ও টেকসই নগরী বিনির্মাণ | চলমান প্রকল্প সমূহের সময়ভিত্তিক বাস্তবায়ন নিশ্চিতকরণ ১০০% | চলমান প্রকল্প সমূহের সময়ভিত্তিক বাস্তবায়ন নিশ্চিতকরণ ১০০% | চলমান প্রকল্প সমূহের সময়ভিত্তিক বাস্তবায়ন নিশ্চিতকরণ ১০০% |
| ৭ | এডিপি সবুজ পাতায় উন্নয়ন প্রকল্প প্রস্তাব অন্তর্ভুক্ত করণ | ২ টি | ৩ টি | ৩ টি |
| ৮ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিতে উদ্যোগ গ্রহণ | প্রশিক্ষণ আয়োজন-৬০ জন | প্রশিক্ষণ আয়োজন-১২০ জন | প্রশিক্ষণ আয়োজন-১২০ জন |
| | | সেমিনার আয়োজন-৩ টি | সেমিনার আয়োজন-৩ টি | সেমিনার আয়োজন-৩ টি |
| | | চউক এর হালনাগাদ অর্গানোগ্রাম প্রস্তাব প্রস্তুতকরণ | প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ ও অনুমোদনের পদক্ষেপ গ্রহণ | প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের পদক্ষেপ গ্রহণ |

# চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম।

www.cda.gov.bd

সরকারি কর্মসম্পাদনা পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)

## সেকশন ২ : ২০২৬-২০২৭ অর্থবছরে কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২০২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২০২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১) সেবা প্রদান (Service Delivery) [মান ২০] | ১ | [১] ভূমি ব্যবহার ছাড়পত্র'-এর শতভাগ অনলাইন কার্যক্রম | % | ৫ | ৮০ | ১০০ |
| | ১ | [২] নির্মাণ অনুমোদন প্রক্রিয়ায় স্ট্রাকচারাল ডিজাইন, ইলেকট্রিক ডিজাইন, প্লাম্বিং ডিজাইন গ্রহণকল্পে সফটওয়্যার সামগ্রিক মডিফিকেশন | % | ৪ | - | ২০ |
| | ১ | [৩] ঠিকাদার নিবন্ধন ও নবায়ন অনলাইন প্রক্রিয়া বাস্তবায়ন | % | ৩ | - | ১০০ |
| | ১ | [৪] চউক প্রধান কার্যালয়ে সেন্ট্রাল কন্ট্রোল সিস্টেম সম্বলিত ডিজিটাল স্ক্রিন স্থাপন পূর্বক সিটিজেন'স চার্টার প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | সংখ্যা | ৪ | - | ২ |
| | ১ | [৫] চউক কর্তৃক বরাদ্দকৃত জমির মালিকানা তথ্যাদির অনলাইন ডাটাবেইজ হালনাগাদকরণ | % | ৪ | ৮০ | ১০০ |
| ২) নীতি ও সংস্কার কার্যক্রম (Policy and Reform Activity) [মান ১০] | ৩ | [৬] ইমারত নির্মাণ বিধিমালা খসড়া প্রস্তুতকরণ | তারিখ | ৩ | - | ৩০/০৬/২০২৭ |
| | ৮ | [৭] শিশু দিবাযত্ন কেন্দ্র, মাতৃদুগ্ধদান কর্নার, নিরাপদ খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় পণ্য সরবরাহ ব্যবস্থা, প্রাথমিক চিকিৎসা সেবা এবং মানসিক স্বাস্থ্য সহায়তা ও কাউন্সেলিং সেবাসহ সমন্বিত সেবা কাঠামোর পাইলটিং কর্মসূচির প্রস্তাবনা প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ। | % | ৭ | ১০ | ৪০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২০২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২০২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Institutional Capacity and Efficiency) [মান ২০] | ৮ | [৮] চউক প্রভিডেন্ট ফান্ড সফটওয়্যার বাস্তবায়ন | % | ৬ | ৫ | ৫০ |
| | ১ | [৯] ভেহিক্যাল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার বাস্তবায়ন | % | ২ | - | ৫ |
| | ৮ | [১০] প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ আয়োজন | জনঘন্টা সংখ্যা (জন) | ৩ | ১৬০ | ২৪০ |
| | ৮ | [১১] প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিতে সেমিনার আয়োজন | সেমিনার সংখ্যা | ৪ | ১টি | ৩টি |
| | ৮ | [১২] চউক এর অর্গানোগ্রাম হালনাগাদ করণে খসড়া মন্ত্রনালয়ে প্রেরণ | তারিখ | ২ | - | ৩০/০৬/২০২৭ |
| | ৮ | [১৩] চউক এ বিদ্যমান নেটওয়ার্ক ও ইন্টারনেট অবকাঠামো শক্তিশালীকরণসহ সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সাইবার সুরক্ষা সরঞ্জামাদি স্থাপন | তারিখ | ৩ | - | ৩০/০৬/২০২৭ |
| ৪) উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (Development Related and Other Activities) [মান ২৭] | ২ | [১৪] সম্পদের সুষ্ঠ ব্যবহার নিশ্চিতকরনে চউক এর অব্যবহৃত জমিতে প্রকল্প | সংখ্যা | ২ | - | ১টি |
| | ৫ | [১৫] এডিপি সবুজ পাতায় উন্নয়ন প্রকল্প প্রস্তাব অন্তর্ভুক্তকরণ | সংখ্যা | ২ | ১টি | ২টি |
| | ৭ | [১৬] যোগাযোগ ব্যবস্থাপনার উন্নতিকরনে সকল সড়কসমূহের ডাটাবেজ প্রণয়ন | % | ৩ | ৫ | ১০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২০২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২০২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ৪ | [১৭] চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে খাল পুনঃখনন, সম্প্রসারণ, সংস্কার এবং উন্নয়নে কার্যক্রম বাস্তবায়ন | % | ৪ | ৬০ | ৮০ |
| | ৬ | [১৮] ১৫.২ কি মি উপকূলীয় শহর রক্ষা বাঁধ ও চট্টগ্রাম সিটি আউটার রিং রোড প্রকল্প বাস্তবায়ন | % | ৪ | ৯০ | ১০০ |
| | ৪ | [১৯] চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত ১৬.৫ কিলোমিটার এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প বাস্তবায়ন | % | ২ | ৮০ | ১০০ |
| | ৪ | [২০] কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত ৮.৫ কিলোমিটার সড়ক নির্মাণ প্রকল্প বাস্তবায়ন | % | ৩ | ৫০ | ৭০ |
| | ৬ | [২১] চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার মাস্টার প্ল্যান প্রণয়ন | % | ৩ | ৯০ | ১০০ |
| | ৫ | [২২] চট্টগ্রাম শহরের গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহের সম্প্রসারণ ও উন্নয়ন গুচ্ছ প্রকল্প-০১ বাস্তবায়ন | % | ৪ | ৫ | ১৫ |

# <u>সেকশন-৩</u>

(চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কৌশলগত বিষয়-সংক্রান্ত প্রতিবেদন)

চট্টগ্রাম মহানগরের পরিকল্পিত নগরায়ণ, আধুনিক অবকাঠামো উন্নয়ন এবং আবাসন নিশ্চিতকরণের মাধ্যমে একটি টেকসই, পরিবেশবান্ধব ও অর্থনৈতিকভাবে সমৃদ্ধ স্মার্ট নগরী গড়ে তোলার নিমিত্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কাজ করে যাচ্ছে। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) মূলত মহানগরের মেগা প্রকল্প ও উন্নয়নমূলক কার্যাবলি বাস্তবায়ন, মাস্টারপ্ল্যান প্রণয়ন ও প্রয়োগ, ইমারত নির্মাণ বিধিমালা নিয়ন্ত্রণ এবং নাগরিক সেবা সহজীকরণের কাজ করে থাকে। এই সকল ক্ষেত্রে প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, মেগা প্রজেক্টের যথাযথ বাস্তবায়ন এবং সর্বস্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করাই চউকের মূল লক্ষ্য। এই লক্ষ্য অর্জনে চউক-কে একটি জনবান্ধব, আধুনিক ও দক্ষ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে মাঠ পর্যায়ে উন্নয়ন প্রকল্পসমূহের ভৌত ও আর্থিক অগ্রগতি নিয়মিত তদারকি এবং ভূমি ব্যবহারের যথার্থতা যাচাই করা হয়। এর পাশাপাশি বিদ্যমান আইন ও বিধিমালার ত্রুটি-বিচ্যুতি, সীমাবদ্ধতা ও দুর্বলতাসমূহ সুনির্দিষ্টভাবে নির্ণয় করে নিয়মিত প্রতিবেদন প্রণয়ন করা হয়।

চউক কর্তৃক বর্ণিত কার্যাদি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম পরিচালনা করা হয়:

**<u>কার্যক্রম:</u>**

- চট্টগ্রাম মহানগরের আওতাধীন এলাকায় পরিকল্পিত আবাসন ও টেকসই অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে নাগরিক জীবনে স্বাচ্ছন্দ্য এবং সুশাসন প্রতিষ্ঠায় সার্বিক সহায়তা করা।

- অনুমোদিত মহাপরিকল্পনা (Master Plan) ও ইমারত নির্মাণ বিধিমালা সঠিকভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা কঠোরভাবে যাচাই ও নিয়মিত মাঠ পর্যায়ে পরিবীক্ষণ করা।

- চউকের উন্নয়ন প্রকল্পসমূহের জন্য বরাদ্দকৃত সরকারি ও নিজস্ব অর্থ যথাযথভাবে এবং সময়মত সাশ্রয়ী মূল্যে নির্ধারিত মান বজায় রেখে ব্যয় হয়েছে কিনা তা মাঠ পর্যায়ে যাচাই করা।

- চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসন, যানজট মুক্তকরণ ও আউটার রিং রোডসহ চলমান বাস্তবায়নাধীন মেগা প্রকল্পসমূহের বাস্তব অগ্রগতি সংশ্লিষ্ট তথ্যাদির ভিত্তিতে কারিগরি ও মান নিয়ন্ত্রণ দলের মাধ্যমে সরেজমিনে পরীক্ষা-নিরীক্ষা করা।

- প্রকল্প বাস্তবায়ন এবং নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে কোনো প্রশাসনিক বা পদ্ধতিগত ত্রুটি-বিচ্যুতি, সীমাবদ্ধতা এবং দুর্বলতা থাকলে তা নিরসনের লক্ষ্যে কার্যকর সুপারিশ ও পরামর্শ প্রদান করা।

- অনলাইন ল্যান্ড ইউজ ক্লিয়ারেন্স (ভূমি ব্যবহার ছাড়পত্র) এবং ই-নির্মাণ অনুমোদন ব্যবস্থার আধুনিকায়ন ও কার্যকারিতা যাচাই করে সম্পূর্ণ স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত ওয়ান-স্টপ সেবা নিশ্চিত করা।

- চউকের নিজস্ব প্লট, ফ্ল্যাট ও বাণিজ্যিক স্থাবর-অস্থাবর সম্পত্তির ডিজিটাল ডাটাবেজ হালনাগাদ রাখা এবং লিজ বা বরাদ্দ গ্রহীতাদের নিকট থেকে বকেয়া রাজস্ব আদায় কার্যক্রম নিয়মিত তদারকি করা।

- সিডিএ আওতাভুক্ত এলাকায় জলাশয় ভরাট রোধ, পাহাড় কাটা প্রতিরোধ এবং পরিবেশ সুরক্ষায় পরিবেশ আদালতের সাথে সমন্বয়পূর্বক মোবাইল কোর্ট বা ভ্রাম্যমাণ আদালত পরিচালনা ও এর কার্যকারিতা মূল্যায়ন করা।

## সংযোজনী-০১

| ক্রমিক নম্বর | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | চউক | চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ |
| ২ | সিডিএ | চট্টগ্রাম ডেভেলপমেন্ট অথরিটি |
| ৩ | এডিপি | এনুয়েল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৪ | সিসিউ | সেন্ট্রাল কন্ট্রোল সিস্টেম |

| Serial No. | Word | Abbreviation |
|---|---|---|
| 1 | CDA | Chattogram Development Authority |
| 2 | SRS | Software Requirement Specification |

## সংযোজনী-০৩ : ২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদনের প্রমাণক

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১ | ভূমি ব্যবহার ছাড়পত্র'-এর শতভাগ অনলাইন কার্যক্রম | • ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদানের মোট সংখ্যা |
| ২ | নির্মাণ অনুমোদন প্রক্রিয়ায় স্ট্রাকচারাল ডিজাইন, ইলেকট্রিক ডিজাইন, প্লাম্বিং ডিজাইন গ্রহণকল্পে সফটওয়্যার সামগ্রিক মডিফিকেশন | • অফিস আদেশের কপি<br>• সফটওয়্যার এর নাম<br>• এস আর এস এর কপি এবং তৎসংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়ন |
| ৩ | ঠিকাদার নিবন্ধন ও নবায়ন অনলাইন প্রক্রিয়া বাস্তবায়ন | • অগ্রগতি প্রতিবেদন<br>• দপ্তরের তৎসংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়ন |
| ৪ | চউক প্রধান কার্যালয়ে সেন্ট্রাল কন্ট্রোল সিস্টেম সম্বলিত ডিজিটাল স্ক্রিন স্থাপন পূর্বক সিটিজেন'স চার্টার প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | • চউক এ স্থাপিত ডিজিটাল স্ক্রিনের তালিকা ও স্থিরচিত্রসহ প্রতিবেদন |
| ৫ | চউক কর্তৃক বরাদ্দকৃত জমির মালিকানা তথ্যাদির অনলাইন ডাটাবেইজ হালনাগাদকরণ | • আপলোড তারিখ সহ সংশ্লিষ্ট অংশের স্ক্রিনশট |
| ৬ | ইমারত নির্মাণ বিধিমালা খসড়া প্রস্তুতকরণ | • বিধিমালার খসড়া কপি |
| ৭ | শিশু দিবাযত্ন কেন্দ্র, মাতৃদুগ্ধদান কর্নার, নিরাপদ খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় পণ্য সরবরাহ ব্যবস্থা, প্রাথমিক চিকিৎসা সেবা এবং মানসিক স্বাস্থ্য সহায়তা ও কাউন্সেলিং সেবাসহ সমন্বিত সেবা কাঠামোর পাইলটিং কর্মসূচির প্রস্তাবনা প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ। | • নির্ধারিত স্থানের ম্যাপ<br>• তৎসংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়ন (অগ্রগতি উল্লেখসহ) |
| ৮ | চউক প্রভিডেন্ট ফান্ড সফটওয়্যার বাস্তবায়ন | • সফটওয়্যার প্রপোজাল এর খসড়া কপি<br>• সফটওয়্যার/অ্যাপসের নাম, লিংক, ডেভেলপ করার তারিখ সংবলিত তৎসংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়ন |
| ৯ | ভেহিক্যাল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার বাস্তবায়ন | • সফটওয়্যার প্রপোজাল এর খসড়া কপি<br>• সফটওয়্যার/অ্যাপসের নাম, লিংক, ডেভেলপ করার তারিখ সংবলিত তৎসংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়ন |
| ১০ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ আয়োজন | • প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের হাজিরা প্রতিবেদন<br>• প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন |
| ১১ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিতে সেমিনার আয়োজন | • সেমিনারে অংশগ্রহণকারীদের হাজিরা প্রতিবেদন |
| ১২ | চউক এর অর্গানোগ্রাম হালনাগাদ করণে খসড়া মন্ত্রনালয়ে প্রেরণ | • খসড়া কপির সংযুক্তি<br>• অর্গানোগ্রাম তৈরির অনুরোধ সম্বলিত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের কপি |
| ১৩ | চউক এ বিদ্যমান নেটওয়ার্ক ও ইন্টারনেট অবকাঠামো শক্তিশালীকরণসহ সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সাইবার সুরক্ষা সরঞ্জামাদি স্থাপন | • সাইবার সুরক্ষা সরঞ্জামাদি ক্রয়ের ইনস্টলেশন প্রতিবেদন<br>• সিস্টেম কনফিগারেশনের স্ক্রিনশটসহ আইটি কর্মকর্তার প্রত্যয়ন |

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১৪ | সম্পদের সুষ্ঠ ব্যবহার নিশ্চিতকরনে চউক এর অব্যবহৃত জমিতে প্রকল্প | • প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি (DPP)/ধারণাপত্র (Concept Paper)<br>• অব্যবহৃত জমির তালিকা এবং প্রকল্প অনুমোদনের প্রশাসনিক আদেশের কপি |
| ১৫ | এডিপি সবুজ পাতায় উন্নয়ন প্রকল্প প্রস্তাব অন্তর্ভুক্তকরণ | • পরিকল্পনা কমিশনে প্রেরিত উন্নয়ন প্রকল্প প্রস্তাবের (PCP/DPP) কপি<br>• এডিপি (ADP) সবুজ পাতায় অন্তর্ভুক্তির প্রমাণক/তালিকার অনুলিপি |
| ১৬ | যোগাযোগ ব্যবস্থাপনার উন্নতিকরনে সকল সড়কসমূহের ডাটাবেজ প্রণয়ন | • ডাটাবেজ সিস্টেম এর প্রপোজাল এর খসড়া কপি<br>• ডাটাবেজ সিস্টেমের স্ক্রিনশট এবং সংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়নপত্র |
| ১৭ | চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে খাল পুনঃখনন, সম্প্রসারণ, সংস্কার এবং উন্নয়নে কার্যক্রম বাস্তবায়ন | • সম্পাদিত কাজের ভৌত অগ্রগতি প্রতিবেদন<br>• খালভিত্তিক খনন/সংস্কার কাজের বিবরণী এবং তদারকি কমিটির প্রত্যয়ন |
| ১৮ | ১৫.২ কি মি উপকূলীয় শহর রক্ষা বাঁধ ও চট্টগ্রাম সিটি আউটার রিং রোড প্রকল্প বাস্তবায়ন | • প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন<br>• প্রকল্প পরিচালকের প্রত্যয়ন |
| ১৯ | চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত ১৬.৫ কিলোমিটার এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প বাস্তবায়ন | • প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন<br>• প্রকল্প পরিচালকের প্রত্যয়ন |
| ২০ | কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত ৮.৫ কিলোমিটার সড়ক নির্মাণ প্রকল্প বাস্তবায়ন | • প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন<br>• প্রকল্প পরিচালকের প্রত্যয়ন |
| ২১ | চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার মাস্টার প্ল্যান প্রণয়ন | • প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন<br>• প্রকল্প পরিচালকের প্রত্যয়ন |
| ২২ | চট্টগ্রাম শহরের গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহের সম্প্রসারণ ও উন্নয়ন গুচ্ছ প্রকল্প-০১ বাস্তবায়ন | • প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন<br>• প্রকল্প পরিচালকের প্রত্যয়ন |